বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড

ইন্টারনেট ডায়াল আপ গ্রাহক চুক্তিনামা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পক্ষে বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (অতঃপর সরকার বলিয়া উল্লেখিত) ....
.... (১ম পক্ষ)।

এবং

ইন্টারনেট সংযোগ প্রার্থী/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (অতঃপর গ্রাহক বলিয়া উল্লেখিত) জনাব/বেগম...
পিতা/স্বামী/পদবী (কোম্পানীর নামসহ)...
স্থায়ী ঠিকানা (সংস্থার/কোম্পানীর ক্ষেত্রে পদবী ও সংস্থার/কোম্পানীর নামসহ) ....
.... বর্তমান ঠিকানা..
....(২য় পক্ষ)।
১ম পক্ষ এবং ২য় পক্ষের সম্মতিক্রমে অদ্য... বাং.. ইং অত্র চুক্তি সম্পাদিত হইল। উভয় পক্ষ এই চুক্তির আওতায় নিম্নলিখিত শর্তাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবে ঃ

১। সার্ভিসের বর্ণনা ঃ এই চুক্তির আওতায় বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (বোর্ড) গ্রাহকদেরকে ডায়ালআপ ইন্টারনেট সার্ভিস সুবিধা প্রদান করিবে। বোর্ড নিম্নবর্নিত ইন্টারনেট সার্ভিস প্রদান করিবে এবং গ্রাহক বোর্ড কর্তৃক ধার্যকৃত চার্জ/ফিস/বিল প্রদান করিতে বাধ্য থাকিবেন।

ক) টেলিযোগাযোগ অঞ্চল ....

খ) ইন্টারনেট সংযোগের ঠিকানা ঃ ....

২। সার্ভিস চার্জ ঃ গ্রাহকগণ ডিমান্ড নোটে বর্নিত নির্ধারিত এককালীন Installation চার্জ প্রদান করিবেন। তবে ট্যারিফ রেট প্রয়োজনে বোর্ড কর্তৃক সংশোধিত হইতে পারে। সেই ক্ষেত্রে বোর্ড অনুন্য ৩ (তিন) মাস পূর্বে গ্রাহকদেরকে অবহিত করিবে।

৩। গ্রাহকের দায়বদ্ধতা (Liability) ঃ

৩.১। গ্রাহক বোর্ডের প্রাপ্য টাকা নির্ধারিত সময়ে বোর্ডকে পরিশোধ করিবেন।

৩.২। প্রদত্ত ইন্টারনেটের মাধ্যমে শুধুমাত্র ডাটা ট্রান্সমিশন এবং রিসেপশন করা যাইবে। কোনক্রমেই ভয়েস ট্রান্সমিশনের জন্য এই সার্ভিস ব্যবহার করা যাইবে না।

৩.৩। প্রদত্ত সার্ভিসের মাধ্যমে অন্য কোন গ্রাহককে ক্ষতিগ্রস্ত করা বা হয়রানি করা হইলে যাহা বোর্ডের স্বার্থের পরিপন্থি, এইরুপ যে কোন ধরনের অপব্যবহারের জন্য গ্রাহক নিজে দায়ী থাকিবেন। এই জাতীয় অভিযোগ প্রাপ্ত বা প্রমানিত হইলে Telegraph Act 1885 (XIII of 1885)এর বিধান মোতাবেক বোর্ড প্রদত্ত ইন্টারনেট সার্ভিস সুবিধা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

৩.৪। প্রদত্ত ইন্টারনেট সার্ভিসের এক্সচেঞ্জ প্রান্তের সকল প্রকার সরঞ্জামাদির মালিক বোর্ড। গ্রাহক প্রান্তের সকল হার্ডওয়ার এবং টেলিফোন সংযোগ গ্রাহক নিজ খরচে সরবরাহ করিতে বাধ্য থাকিবেন। শুধুমাত্র সফটওয়ার বিটিটিবি সরবরাহ করিবে। অবৈধ হস্তান্তর ও ব্যবহারের কারনে সংযোগ বিচ্ছিন্ন করার অধিকার বোর্ড সংরক্ষণ করে এবং এই ক্ষেত্রে Telegraph Act 1885 (XIII of 1885) এর বিধান মোতাবেক বোর্ড ব্যবস্থা গ্রহন করিবে।

৩.৫। ইন্টারনেট সার্ভিস সংক্রান্ত যন্ত্রপাতি স্থাপন করিবার পূর্বে গ্রাহক লিখিত নোটিশ দ্বারা তাহার আবেদন পত্র প্রত্যাহার করিতে পারিবেন।

৩.৬। বোর্ডের লিখিত অনুমতি ব্যতিরেকে গ্রাহক ইন্টারনেট সংযোগ আংশিক/পুরোপুরিভাবে লিজ রিসেইল হিসাবে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান করিতে পারিবেন না।

৩.৭। বিটিটিবি কর্তৃক অনুমোদিত যন্ত্রপাতি ব্যতিরেকে গ্রাহক অন্য কোন যন্ত্রপাতি ইন্টারনেট সার্ভিসের জন্য ব্যবহার করিতে পারিবেন্ না।

৩.৮। প্রদত্ত ইন্টারনেট সার্ভিসের যথাযথ ব্যবহারের জন্য গ্রাহক ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন এবং গ্রাহকের অনুপস্থিতিতে বা অজান্তে যদি কোন ব্যক্তি উক্ত সার্ভিস ব্যবহার করেন, তবে তাহার দায়-দায়িত্ব গ্রাহকের উপরই বর্তাইবে।

৩.৯। বোর্ড প্রদত্ত ইন্টারনেট সার্ভিস সুষ্ঠুভাবে চালু রাখিবে এবং ইহার জন্য গ্রাহক বোর্ডকে সর্বপ্রকার ন্যায়সঙ্গত সহযোগিতা প্রদান করিবেন।

৩.১০। গ্রাহক এই চুক্তির মেয়াদকালে বাংলাদেশ সরকার বা বোর্ড কর্তৃক প্রনীত এবং ভবিষ্যতে যে কোন সময়ে সংশোধিত বা পরিবর্তিত সকল নিয়মাবলী ও বিধিসমূহ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

৩.১১। গ্রাহক নির্দিষ্ট সময়ের মধ্যে তাহার নিকট প্রেরিত বিলের টাকা পরিশোধ না করিলে খেলাপী গ্রাহক হইতে টাকা আদায়ের ক্ষেত্রে Telegraph Act. 1885. Bangladesh Telegraph and Telephone Board Ordinance, 1979 এবং টিএন্ডটি ম্যানুয়েলের সংশ্লিষ্ট ধারাসমূহ প্রযোজ্য হইবে এবং বোর্ড সংশ্লিষ্ট ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহনের অধিকার সংরক্ষন করে।

৩.১২। বাংলাদেশ সরকারের অনুমোদন সাপেক্ষে বোর্ড যে কোন সময়ে ইন্টারনেট সার্ভিসের জন্য আনুষাঙ্গিক রেইট/চার্জ পরিবর্তন করিতে পারিবেন এবং গ্রাহক এই ধার্য্যকৃত বা পরিবর্তিত চার্জ/রেইট মানিতে বাধ্য থাকিবেন।

৪। বোর্ডের দায়-দায়িত্ব (Liability)

৪.১। চুক্তি স্বাক্ষর এবং দাবীকৃত Installation charge গ্রাহক কর্তৃক পরিশোধের পর বোর্ড ৭ (সাত) দিনের মধ্যে অথবা এই চুক্তির উভয় পক্ষের সম্মতিক্রমে যতশীঘ্র সম্ভব ইন্টারনেট সার্ভিস লিংক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবে। অনিবার্য কারনবশতঃ এই সময়সীমা অতিক্রান্ত হইলে বিটিটিবি-কে কোনক্রমেই দায়ী করা যাইবে না।

৪.২। প্রদত্ত ইন্টারনেট সার্ভিস সুবিধা (দৈনিক ২৪ ঘন্টা এবং সপ্তাহে ৭দিন)গ্রাহকদেরকে সুষ্ঠভাবে প্রদানের জন্য বোর্ড যথাসাধ্য চেষ্টা করিবে।

৪.৩। বোর্ড গ্রাহককে প্রদত্ত সার্ভিসের মাসিক বিল নির্ধারিত ট্যারিফ রেট অনুযায়ী পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে সরবরাহ করার যথাসাধ্য চেষ্টা করিবে।

৫। বোর্ডের Non-Liability

৫.১। রক্ষণাবেক্ষণের স্বার্থে ইন্টারনেট সার্ভিস ব্যবহার সাময়িকভাবে বন্ধ করার অধিকার বোর্ড সংরক্ষণ করে এবং সেক্ষেত্রে যে কোন ক্ষতির জন্য বোর্ডকে দায়ী করা যাইবে না।

৫.২। সরকারী আদেশে বা জাতীয় স্বার্থে অথবা জননিরাপত্তার কারনে বোর্ড কোন নোটিশ ছাড়াই ইন্টারনেট সার্ভিস সাময়িক কিংবা চুড়ান্তভাবে বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৩। কোন কারণে ইন্টারনেট সার্ভিস অচল, বিঘ্নিত বা বন্ধ হইলে অথবা বোর্ড কর্তৃক বন্ধ করা হইলে যদি গ্রাহকের কোন প্রকার ক্ষয়ক্ষতি হয় তবে তাহার জন্য বোর্ড দায়ী থাকিবে না এবং ইন্টারনেট সার্ভিস পূনরায় চালু করিতে বিলম্বের দরুন সৃষ্ট ক্ষতি বা অসুবিধার জন্যও বোর্ড দায়ী থাকিবে না।

৫.৪। যে কোন প্রকার দুর্বিপাক যেমন-ঝড়, টর্নেডো ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর বোর্ডের নিয়ন্ত্রন নাই সেই সকল অবস্থার দ্বারা প্রদত্ত ইন্টারনেট সার্ভিস ক্ষতিগ্রস্ত হইলে তাহার জন্য যে কোন প্রকার ক্ষতিপূরণ, রিফান্ড ইত্যাদি বোর্ডের নিকট দাবী করা যাইবে না।

৫.৫। গ্রাহক মাসিক বিল এক মাসের অধিক অনাদায় রাখিলে সেই ক্ষেত্রে বোর্ড প্রদত্ত ইন্টারনেট সার্ভিস বিচ্ছিন্ন করার অধিকার সংরক্ষণ করে। তবে দৈব-দুর্বিপাকের কারণে, যেমনঃ ঝড়-ভূমিকম্প, টর্নোডো ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর বোর্ড ও গ্রাাহকের কাহারো কোন নিয়ন্ত্রণ নাই, ইন্টারনেট সার্ভিস ক্ষতিগ্রস্ত হইলে গ্রাহক দুইমাস পর্যন্ত মাসিক বিল অনাদায়ী রাখিতে পারিবেন। কিন্তু দুই মাসের অধিক অনাদায়ী রাখিলে বোর্ড কোন নোটিশ ছাড়াই ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করার অধিকার সংরক্ষণ করে।

৫.৬। এই চুক্তির কোন অনুচ্ছেদের লংঘনের ক্ষেত্রে বোর্ড প্রদত্ত ইন্টারনেট সার্ভিস বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৭। বিটিটিবি প্রয়োজন অথবা যুক্তিযুক্ত মনে করিলে যে কোন সময়ে ডাকযোগে লিখিত নোটিশ প্রদান করিয়া ৭ (সাত) দিন অতিবাহিত হওয়ার পর সার্ভিস বিচ্ছিন্ন করিবার অধিকার সংরক্ষণ করে। এই ক্ষেত্রে ডাকযোগে নোটিশ জারী চূড়ান্ত প্রমাণ বলিয়া বিবেচিত হইবে।

৫.৮। বোর্ড কর্তৃক নির্দিষ্ট পদ্ধতিতে ও নির্ধারিত তারিখের মধ্যে গ্রাহক বিল পরিশোধ না করিলে অথবা এই চুক্তি মোতাবেক বোর্ডকে দেয় অন্য কোন পাওনাদি যথারীতি পরিশোধ না করিলে কোন নোটিশ ছাড়াই বোর্ড ইন্টারনেট সার্ভিস বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে এবং বোর্ডের স্বার্থ অক্ষুন্ন রাখিয়া যে কোন সময়ে চুক্তি বাতিল করিতে পারিবে। যদি বিল পরিশোধের ব্যর্থতার দরুন গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়, তবে বোর্ড কর্তৃক নির্ধারিত হার ও বিধান অনুযায়ী গ্রাহক প্রাপ্ত অর্থ পরিশোধ করিলে সংযোগ পূনঃপ্রতিষ্ঠা করা হইবে। যদি উক্ত রুপ বিচ্ছিন্নকরণের তারিখ হইতে ৫৯ (উনষাট) দিনের মধ্যে গ্রাহক সংযোগ ফি সমেত প্রদেয় অর্থ পরিশোধ না করেন, তাহা হইলে বোর্ড সংযোগ স্থায়ী ভাবে বন্ধ/বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে। গ্রাহকের যে কোন ইন্টারনেট সংযোগের বকেয়া বিল অনাদায়ের কারনে তাহার অন্যান্য টেলিসংযোগ ৭(সাত)দিনের নোটিশ প্রদান করিয়া বিচ্ছিন্ন করার ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে।

৫.৯। আবেদনকারী পূর্ব সংযোগ বা বোর্ডের প্রাপ্য দায়-দেনা সম্পর্কে তথ্য গোপন করিয়া আবেদনপত্র জমা দিলে বোর্ড এই বিষয়ে নিশ্চিত হইয়া উক্ত আবেদনপত্র তাৎক্ষণিকভারে বাতিল করিয়া দিবে অথবা সংযোগ প্রদান করা হইয়া থাকিলে উক্ত সংযোগ তাৎক্ষণিকভাবে বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে।

৫.১০। এই চুক্তির যে কোন অনুচ্ছেদের পরিবর্ধন বা সংশোধন করার ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে এবং গ্রাহক এই সকল পরিবর্তন বা সংশোধন মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২য় পক্ষের স্বাক্ষর (আবেদন পত্রের স্বাক্ষরের অনুরুপ) **১ম পক্ষের স্বাক্ষর**

গ্রাহকের/ প্রতিষ্ঠানের নাম ঃ ....

স্থায়ী/ রেজি ঃ ঠিকানা ঃ...

....

....

সীলমোহর (প্রযোজ্য ক্ষেত্রে)

বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের পক্ষে

সীলমোহর